

## ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৫২১

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫৩. দ্বিতীয় অনুচ্ছেদ - ঝড় তুফানের সময়

## আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ أَنَّ النَّبِيَّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: كَانَ إِذَا سَمِعَ صَوْتَ الرَّعْدِ وَالصَّوَاعِقَ قَالَ: «اللَّهُمَّ لَا تَقْتُلْنَا بِغَضَبِكَ وَلَا تُهْلِكْنَا بِعَذَابِكَ وَعَافِنَا قَبْلَ ذَلِكَ» . رَوَاهُ أَحْمَدُ وَالتِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ غَرِيبٌ

## বাংলা

১৫২১-[১১] 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মেঘের গর্জন, বজ্রপাতের শব্দ শুনলে বলতেন, ''আল্ল-হুম্মা লা- তারুতুলনা- বিগাযাবিকা ওয়ালা- তুহলিকনা- বি'আযা-বিকা ওয়া 'আ-ফিনা- কবলা যা-লিকা'' (অর্থাৎ হে আল্লাহ! তুমি আমাদেরকে তোমার গজব দ্বারা মৃত্যু দিও না এবং তোমার 'আযাব দ্বারা ধ্বংস করো না। বরং এ অবস্থার আগেই তুমি আমাদের নিরাপত্তার বিধান করো।)। (আহমাদ, তিরমিযী, তিনি [ইমাম তিরমিযী] বলেন, হাদীসটি গরীব)[1]

## ফুটনোট

[1] য'ঈফ: আত্ তির্যিমী ৩৪৫০, কালিমুত্ব ত্বইয়্যিব ১৫৯৯, সিলসিলাহ্ আয্ য'ঈফাহ্ ১০৪২, য'ঈফ আল জামি' আস্ সগীর ৪৪২১, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ্ ২৯২১৭, আহমাদ ৫৭৬৩। মুসতাদরাক লিল হাকিম ৭৭৭২, আদ্ দা'ওয়াতুল কাবীর ৩৭০, সুনানুল কুবরা লিল বায়হাকী ৬৪৭০। শায়খ আলবানী (রহঃ) বলেন, প্রায় প্রত্যেক হাদীসের সানাদেই আবুল মাতর রয়েছে যাকে হাফিয ইবনু হাজার তার তাকরীবে মাজহূল বলে অবহিত করেছেন। আর বায়হাকীর সানাদে হাজ্জাজ বিন আরতাত রয়েছে যিনি একজন দুর্বল বারী।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন